মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আব্দুল হাকিমের ইন্তেকাল

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আব্দুল হাকিম
(৭৫) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে শহরের চক্রপাড়ার নিজবাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি দুই মাস আগে হৃদরোগে আক্রান্ত হন। তিনি সদর উপজেলার মদনাডাঙ্গা ধুসার পাড়া গ্রামের সন্তান।মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলেসহ অসংখ্যা গুনাগ্রাহী রেখে গেছেন।

অ্যাড. আব্দুল হাকিম কর্মজীবনে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি হিসেবে একবছর, সাধারণ সম্পাদক হিসেবে একবছর এবং জিপি হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক অ্যাড নজরুল ইসলাম পরিবারের সদস্যদের মারফত জানান, শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় মেহেরপুর পৌর ঈদগাহ ময়দানে জানাযা অনুষ্ঠিত হবে।

মেপ্র/এমইএম

মেহেরপুর জেলা ছাত্রলীগের বর্ণাঢ্য র্যালি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর মেহেরপুর আগমন উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে আনন্দ মিছিল বের করা হয়।

শনিবার সকালে মেহেরপুর সরকারি কলেজ থেকে আনন্দ মিছিলটি বের হয়ে

প্রধান প্রধান সড়ক অতিক্রম করে মেহেরপুর সার্কিট হাউজে এসে শেষ সংক্ষিপ বক্তব্য দেয় নেতা কর্মীরা।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবুদ্দিন সহ অন্যান্য নেতা কর্মীরা সেখানে বক্তব্য রাখেন।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে আনন্দ মিছিলে অন্যদের মধ্যে সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবুদ্দিন সহ মেহেরপুর জেলা ছাত্রলীগ উপজেলা ও কলেজ কলেজ শাখা ছাত্রলীগের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

ছাত্রলীগের ঘোষিত কমিটির বিরুদ্ধে গাংনী উপজেলা ছাত্রলীগের মানব বন্ধন।

মেহেরপুর প্রতিদিনঃ গাংনী উপজেলা ছাত্রলীগের নতুন কমিটির বিরুদ্ধে মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের আয়োজনে মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে।
শনিবার বেলা ১১টার সময় উপজেলা পরিষদের গেটের সামনে আয়োজিত মানব বন্ধনে বক্তব্য রাখেন পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইমরান হাবিব, কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি হাসিব মাহমুদ, ছাত্রলীগ নেতা জিবন আকবর।

মানব বন্ধনে বক্তারা বলেন, জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক মুন্তাছির জামান মৃদুল একজন নেশাগ্রস্থ মানুষ। অর্থের বিনিময়ে রাজাকারের সন্তান ও স্বাধীনতা বিরোধী পরিবারের সন্তানদের উপজেলা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সিলেকশন করেছে। এই কমিটি বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার অন্তরায়।

বক্তারা বলেন ঘোষিত কমিটিকে বিলুপ্ত করে আওয়ামী লীগ পরিবার থেকে

ত্যাগী ছাত্রলীগ নেতাদের দিয়ে কমিটি গঠন করতে হবে। অন্যথায় আন্দোলন আরও বেগবান করা হবে।

ছাত্রলীগের নেতা কর্মীরা এ নিয়ে সাতদিন ধরে ঘোষিত কমিটির বিরুদ্ধে আন্দোলন করে আসছে। আগামী রবিবারও কর্মসুচি ঘোষনা করেন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপনে আনন্দ শোভাযাত্রা

মুজিবনগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে আনন্দ শোভাযাত্র অনুষ্ঠিত হয়েছে।উপজেলা প্রশাসনের আয়োজনে ঢাকের তালে তালে পরিষদ চত্বর থেকে এ শোভাযাত্রা শুরু করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর নেতৃত্বে শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে মুজিবনগর সৃতিসৌধে গিয়ে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম সহ উপজেলার সকল কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিরা উক্ত শোভাযাত্রায় অংশগ্রহন করেন।
আনন্দ শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্থিরচিত্র প্রদর্শনী ও বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে ক্রিয়েটিভ ওয়েলফেয়ার এসোসিয়েশনের কম্বল বিতরন

দৃষ্টিভঙ্গি বদলাবো মানুষের মত মানুষ হবো এই শ্লোগানে মুজিবনগর শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরন করেছে ক্রিয়েটিভ ওয়েলফেয়ার এসোসিয়েশন নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন।শনিবার সকাল সাড়ে এগারোটার দিকে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে ২৫০ জন মানুষের মাঝে এ সকল কম্বল বিতরন করা হয়।

ক্রিয়েটিভ ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি ওয়াজেদ আলী খান এর সভাপতিত্বে উক্ত কম্বল বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। সংগঠনটির সাধারন সম্পাদক জাহিদ হাসান রাজীবের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম।

এ সময় জেলা পরিষদ সদস্য আজিমুল বারী মুকুল, যুগ্ম সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, সাংগঠনিক সম্পাদক পালু,বিশিষ্ঠ সমাজসেবক হাসানুজ্জামান লাল্টু প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিববর্ষের ক্ষণগণনা শুরু, মুজিবনগরে বিশেষ ক্ষণগণনা যন্ত্র

ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় প্যারেড গ্রাউন্ড থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবসে মুজিববর্ষের ক্ষণগণনা অনুষ্ঠানের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনের জেলা প্রশাসকের

কার্যালয় চত্বরে, গাংনী উপজেলা পরিষদ চত্বরে এবং মুজিবনগর আম্রকানে একই সঙ্গে ক্ষণগণনার উদ্বোধন করা হয়।আগামি ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ভোরে ক্ষণগণনা শেষ হবে।

উল্লেখ্য, বিশেষায়িত ভাবে তৈরি করা ক্ষণগণনা যন্ত্র গোপালগঞ্জের টুঙ্গিপাড়া ও মেহেরপুরের মুজিবনগর আম্রকানের শেখ হাসিনা মঞ্চের পাশে স্থাপন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি, জেলা ও দায়রা জজ মো: আব্দুস সালাম, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু সহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ ক্ষণগণনা উদ্বোধন অনুষ্ঠান উপভোগ করেন।
মেপ্র/এমইএম

কালের কণ্ঠ সম্মাননা পেলেন মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান টুনু

মুক্তিযোদ্ধা সম্মাননা, র্যালী, কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে জাকজমক পুর্ণভাবে মেহেরপুরে কালের কণ্ঠর প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শুক্রবার সকাল ১১ টার দিকে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিনের নেতৃত্বে শিশু একাডেমী প্রাঙ্গন থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ কেও মেহেরপুর জেলা প্রেসক্লাব হয়ে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে মেহেরপুর শিশু একাডেমী মিলনায়তনে অনুষ্ঠানের ২য় পর্ব শুরু হয়। শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ একরামুল আযীমের সভাপতিত্বে সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আবুল কাশেম, সম্মাননা প্রাপ্ত মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান টুনু।

সাংবাদিক মাহবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন কালের কণ্ঠ’র জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, এলাকার বিভিন্ন অসঙ্গতী ও সম্ভাবনা নিয়ে কালের কণ্ঠ বিভিন্ন প্রতিবেদন তুলে ধরে। এছাড়াও সামাজিক অঙ্গীকার নিয়ে কালের কণ্ঠ বিভিন্ন কার্যক্রম করে থাকে। যেগুলো প্রশসংসার দাবি রাখে। প্রতিষ্ঠানটির দশম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীর বীর সন্তান একজন মুক্তিযোদ্ধাকে সম্মাননা দেওয়া হচ্ছে। এটা খুবই গৌরবের। আমি নিজেও গর্বিত এধরণের একটি অনুষ্ঠানে আসতে পেরে।

সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন বলেন, কালের সংকট কাটাতে কালের কণ্ঠর জন্ম হয়েছে। আজ একটি ঐতিহাসিক দিনে কালের কণ্ঠ জন্ম হয়েছে। যা অত্যান্ত গৌরবের। কালের কণ্ঠ তার লেখনি ও মুক্ত চিন্তার মাধ্যমে সমাজে এগিয়ে চলেছে। কালের কণ্ঠ’র ধারাবাহিক সাফল্য উত্তোরত্তর বৃদ্ধি পাবে আশা করি।

মুক্তিযোদ্ধা কমান্ডার আবুল কাশেম বলেন, একজন মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযোদ্ধা সম্মাননার অনুষ্ঠানে আসতে পেরে আনন্দিত। কালের কণ্ঠকে অভিবাদন জানায় মুক্তিযোদ্ধাকে সম্মাননা জানানোর জন্য। তাদের এ ধারবাহিক কর্মকান্ড অব্যহত থাকবে।

আলোচনা শেষে মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান টুনুর হাতে সম্মাননা ক্রেষ্ট, উত্তরিয় হিসেবে শাল চাদও এবং দশ হাজার টাকা আর্থিক সম্মাননা তুলে দেওয়া হয়। সম্মাননা পেয়ে বীর এ মুক্তিযোদ্ধা আবেগ আপ্লুত হয়ে পড়েন। কালের কণ্ঠ’র মঙ্গল কামনা করে দোয়া করেন।

মেপ্র/এমইএম

বঙ্গবন্ধুর জন্মশত বর্ষপূর্তি উপলক্ষে মুজিবনগর ইউএনও অফিসের সংবাদ সম্মেলন

জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সংবাদ সম্মেলন করেছে মুজিবনগর উপজেলা ইউএনও অফিস। শুক্রবার সকাল দশটার সময় উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে তার অফিস কার্যলয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।এ সময় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী বঙ্গবন্ধুর জন্মশত বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সকল কার্যক্রমের বিষয় সাংবাদিকদের সামনে তুলে ধরেন এবং সকল পোগ্রাম কভার করে জনগনের মাঝে তুলে ধরার আহব্বান জানান।

এ সময় মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারন সম্পাদক শেখ শফি, সময়ের সমীকরন প্রতিনিধি হাসান মুস্তাফিজুর রহমান, মেহেরপুর প্রতিদিন প্রতিনিধি রেজাউল করিম,মেহেরপুরের চোখ প্রতিনিধি সোহাগ মন্ডল, দৈনিক অধিকার প্রতিনিধি শাকিল রেজা উপস্থিত ছিলেন।

উপজেলা নির্বাহী অফিসার জানান, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষীকি পালন উপলক্ষে উপজেলার সবচেয়ে বড় আকর্ষনীয় বিষয় হলো আঁতশ বাজি। যা আগামীকাল ১১ তারিখ রাত সাড়ে ৮ টার সময় উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হবে

ঝিনাইদহে ঐতিহ্যবাহী গরুর গাড়ী

দৌড় প্রতিযোগীতা অনুষ্ঠিত

আধুনিক কালে খেলা মানেই শুধু ক্রিকেট আর ফুটবল। গ্রাম বাংলায় কৃষি পণ্যের বাহন গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতাও হতে পারে একটি বিরাট আকর্ষণীয় খেলা ও বিনোদনের মাধ্যম তা যেন ভাবাই যায় না। এমনই এক আয়োজন হয়ে গেল ঝিনাইদহ সদর উপজেলার বেতাই গ্রামের মাঠে। গান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাব এর আয়োজনে দিনভর এ আয়োজন দেখতে মাঠে ভীড় করেছিল হাজার হাজার দর্শক।
সকাল থেকেই যত্নআত্তি চলে প্রতিযোগীদের। এখন আর হালচাষে গরু নয়। রীতিমত মনিবের মর্যাদার লড়াইয়ে নামতে হয়েছে গরুর। আর যা দেখতে ঝিনাইদহসহ আশপাশের জেলার হাজার হাজার দর্শক আসতে শুরু করে। দুপুর গড়াতেই শুরু হয় প্রতিযোগিতা। ৬ টি সারিতে ১ কিলোমিটার দুর থেকে শুরু হয় দৌড়। একে অপরকে পিছনে ফেলতে গাড়োয়ানরা যেন ঝড়ের গতিতে চালায় গাড়ি। দৌড়ের সাথে সাথে যেন উল্লাসে মেতে ওঠে দর্শক। নির্মল এ চিত্ত বিনোদন বিমোহিত করে আগতদের। রোমাঞ্চকর এ প্রতিযোগিতাকে ঘিরে আয়োজন করা হয় আনন্দ মেলারও। আসে নাগরদোলা, নানা পণ্য সামগ্রীর দোকান। অনেকে আগে এসেছে আবার অনেকে জীবনে প্রথম এ প্রতিযোগিতা দেখে চরম খুশি।
ঝিনাইদহ শহরের পবহাটি থেকে যাওয়া হাসান আলী নামের এক দর্শক বলেন, আমি জীবনের প্রথম এই গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা দেখছি। দেখে আমি খুবই খুশি। এ ধরনের আয়োজন প্রতিনিয়ত করার দাবী তার।
সদর উপজেলার হলিধানী এলাকা থেকে যাওয়া মনিরুল ইসলাম বলেন, গ্রাম বাংলার জনপ্রিয় অনুসঙ্গ গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা যে এত মনমগ্ধকর তা না দেখলে বোঝা যেত না। সত্যিই উপভোগ্য এ প্রতিযোগিতা।
কালীগঞ্জ থেকে আসার আরিফ মোল্লা নামের এক দর্শক বলেন, গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা হবে শুনে সকালেই বেতাই গ্রামে এসেছি। এখানে শুধু ঝিনাইদহ নই, আশপাশের জেলাগুলো থেকে হাজার হাজার দর্শক এসেছে। এ যেন কৃষক ভাইদের এক মিলন মেলা।
দিনব্যাপী এই প্রতিযোগিতায় ঝিনাইদহ, যশোর, চুয়াডাঙ্গা,মেহেরপুর, কুষ্টিয়া, মাগুরা, সাতক্ষীরা, ও খুলনা থেকে মোট ৫৬ টি গরুর গাড়ি এ প্রতিযোগিতায় অংশ নেয়। সবাইকে পেছনে ফেলে প্রথম হয় বেতাই গ্রামের আমিরুল খান ও ২য় হয় যশোরের বাঘারপাড়ার মশিউর রহমনের গাড়ি। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে বিতরণ করে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টু।

তিনি বলেন, সমাজকে অন্যায়, অপরাধ থেকে দূরে রাখতে আর ভবিষ্যত প্রজন্মকে জানান দিতে দেশের প্রতিটি অঞ্চলে এ ধরনের প্রতিযোগিতা নিয়মিত আয়োজন করা উচিত।
এ ব্যাপারে আয়োজক গান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাব বলেন, হারিয়ে যাওয়া গ্রামীণ ঐতিহ্য ধরে রাখতে আর তা বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরতেই এই আয়োজন। সরকারিভাবে পৃষ্টপোষকতা পেলে প্রতিবছর এ ধরনের আয়োজন করার আশ্বাস দেন তিনি।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ইউপি সদস্যকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের মহেশপুর উপজেলার মান্দারবাড়িয়া গ্রামে বৃহস্পতিবার রাতে স্বপন হোসেন নামের এক যুবককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা ।

মান্দারবাড়িয়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সদস্য স্বপন হোসেন একই গ্রামের মৃত আরশেদ আলীর ছেলে। এ ঘটনায় তার ভাই মিল্টন হোসেন গুরুতর আহত হন। তাকে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গ্রামবাসি সুত্রে জানা গেছে, স্বপনের বাড়িতে পানির লাইনের কাজ করে শামিম ও সাকিব নামে দুই ভাই। বৃহস্পতিবার সন্ধ্যার দিকে মহেশপুরের পুড়োপাড়া বাজারে স্বপনের সাথে টাকা পয়সার লেনদেন নিয়ে শামিম ও সাকিবের তর্ক বিতর্ক হয়। রাত ৯টার দিকে শামিম, সাকিব ও তাদের পিতা হামিদ স্বপনকে বাড়ির বাইরে ডেকে নেয়। রাস্তার উপর আসা মাত্রই তারা ধারালো অস্ত্র নিয়ে এলোপাথাড়ি কোপাতে থাকে। স্বপনের চিৎকারে তার ভাই মিল্টন বাড়ি থেকে বের হয়ে এসে ঠেকাতে যায়। এ সময় দুই ভাইকে তারা কুপিয়ে ফেলে রেখে যায়। ইউপি মেম্বর স্বপন হোসেন ঘটনাস্থলেই মৃত্যু বরণ করেন। তার মাথায় ও ঘাড়ে গভীর

জখমের চিহ্ন রয়েছে। খবর পেয়ে পুলিশ রাত সাড়ে ১১টার দিকে ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে।

মহেশপুর থানার ওসি মোরশেদ হোসেন খান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, হত্যাকারীদের গ্রেফতারে অভিযান চলছে।

মেপ্র/এমইএম